

ছাত্র-ছাত্রীরা বাংলাদেশ থেকেই বিশ্বকে নেতৃত্ব দেবে: শিক্ষা উপদেষ্টা

অনলাইন ডেস্ক

প্রকাশিত: ১৬:৩৮, ৫ মার্চ ২০২৫



ছবি: সংগৃহীত

দায়িত্ব গ্রহণের পর সচিবালয়ে নতুন শিক্ষা উপদেষ্টা অধ্যাপক সিআর আবরার ব্রিফ করাকালীন বিভিন্ন বিষয় নিয়ে কথা বলেন। যেখানে তিনি কেমন শিক্ষা ব্যবস্থার স্বপ্ন দেখেন তা নিয়ে আলোচনা করেন।

তিনি বলেন, আমি মনে করি, শিক্ষা হলো বৈষম্যহীন সমাজ গঠনের সবচেয়ে গুরুত্বপূর্ণ বাহন। আমি এমন এক শিক্ষাব্যবস্থার কথা ভাবি, যা হবে ব্যক্তির কর্মদক্ষতা অর্জন ও আত্ম-উন্নয়নের উপযুক্ত পথ। যা হবে আর্থসামাজিক উন্নয়ন, বিজ্ঞান ও প্রযুক্তিভিত্তিক উৎকর্ষের সহায়ক এবং যা হবে সামাজিক ন্যায়বিচার প্রতিষ্ঠার লক্ষ্যে মূল্যবোধসম্পন্ন নাগরিক তৈরির উপায়।

তিনি আরও বলেন, আমি এমন একটি শিক্ষাব্যবস্থার স্বপ্ন দেখি, যেখানে আমাদের ছাত্র-ছাত্রীরা দেশের ভেতরেই তাদের ভবিষ্যৎ দেখতে পাবে এবং বাংলাদেশ থেকেই বিশ্বকে নেতৃত্ব দেবে। আমি এটুকুই বলব। আমি মনে করি, এটা একদিনে হবে না, এক বছরে হবে না, এমনকি পাঁচ-দশ বছরেও হবে না। কিন্তু এর জন্য যে ভিত্তি তৈরি করতে হবে, সে বিষয়ে ইতোমধ্যেই অনেক উদ্যোগ নেওয়া হয়েছে।

আমরা মনে করি, অনেক কিছু আছে যা আট-দশ মাসের মধ্যে করা সম্ভব। সরকারের মেয়াদকালীন সময়ে, যেটা বলা হয়েছিল, ছোট ছোট বিভিন্ন জায়গায় নানান সমস্যা হয়তো রয়েছে। সেগুলোকে ঠিক করে কার্যকর করাই আমাদের লক্ষ্য।